

শিশুখাদ্য (Baby Milk Formula) BABY CARE-3, BABY CARE MF, Milumel, Picot এবং Celia Brand এ সালমোনেলা এগোনা (Salmonella agona) এর উপস্থিতি বিষয়ে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সতর্কিকরণ বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফ্রান্স এর ল্যাকটালিস (LACTALIS) কর্তৃক উৎপাদনকৃত শিশুখাদ্য (Baby Milk Formula) BABY CARE-3, BABY CARE MF, Milumel, Picot এবং Celia Brand এ সালমোনেলা এগোনা (Salmonella agona) নামক ক্ষতিকর জীবানু সংক্রমণের বিষয়ে আন্তর্জাতিক গণমাধ্যম, INFOSAN, RASFF এবং উৎপাদনকারী প্রতিষ্ঠান LACTALIS গ্রুপ ফ্রান্স এর মাধ্যমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ অবগত হয়েছে।

বেবীমিল্ক ফরমুলা একটি অত্যন্ত সংবেদনশীল শিশুখাদ্য যা সাধারণত দুগ্ধপোষ্য কোমলমতি শিশুরা গ্রহণ করে থাকে বা মায়ের দুধের স্বল্পতা হেতু ব্যবহার করা হয়ে থাকে। উক্ত বেবী ফরমুলায় মারাত্মক ক্ষতিকারক জীবানু সালমোনেলা এগোনা এর উপস্থিতি জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট আমদানিকারক, সরবরাহকারী, পাইকারি ও খুচরা বিক্রেতা, গ্রাহক, অভিভাবক, শিশুচিকিৎসকগণকে উক্ত শিশুখাদ্য BABY CARE-3, BABY CARE MF, Milumel, Picot এবং Celia Brand ব্যবহার না করার জন্য সতর্ক করা হলো।

নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা ৪৩ অনুসরণপূর্বক উক্ত শিশুখাদ্য আমদানি এবং ব্যবহার না করার জন্য সংশ্লিষ্ট আমদানিকারক এবং সরবরাহকারীগণকে অনুরোধ করা হলো। এ বিষয়ে গণবিজ্ঞপ্তি প্রচারের বাধ্যবাধকতা থাকায় উক্ত আমদানিকারক এবং সরবরাহকারীকে জরুরী গণবিজ্ঞপ্তি প্রচারের অনুরোধ করা হলো।



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ Bangladesh Food Safety Authority

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

খাদ্য মন্ত্রণালয়

৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

ফোন: ৫৫১৩৮৬০৯, ফ্যাক্স: ৫৫১৩৮৬০১/৬০২

ই-মেইল- info@bfsa.gov.bd, ওয়েব- www.bfsa.gov.bd

৬ X ৪

ফাইনাল